



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৬৩৫৭/৩৮৪

তারিখ : ১৮-০৭-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : মিস আপীল নং-০৫/২০২২ এর ২৬-০৬-২০২৩ খ্রি. তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার অভয়নগর উপজেলাধীন একতারপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনকে কেন্দ্র করে অভয়নগর সহকারী জজ আদালতে দেওয়ানী ০৫/২০২২ নং মোকদ্দমা দায়ের হয় এবং অস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনা করলে বিজ্ঞ আদালত নামঞ্জুর করে। বাদী এফ এম মাসুদুর রহমান বিজ্ঞ জেলা জজ আদালত, যশোর-এ ০৫/২০২২ নং মিস আপীল দায়ের করেন উক্ত আপীল বদলী সূত্রে অতিরিক্ত জেলা জজ ৪র্থ আদালত, যশোর-এ দোতরফত শুনানী-অস্তে নামঞ্জুর হয় এবং বিজ্ঞ সহকারী জজ আদালত, অভয়নগর, যশোর-এর দেওয়ানী ০৫/২০২২ নং মোকদ্দমার ১১-০১-২০২২ খ্রি. তারিখের আদেশ বহালের আদেশ প্রদান করেন। বিধায় ২৬-০৬-২০২৩ খ্রি. তারিখের মিস আপীল নং-০৫/২০২২ এর আদেশ অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

তারিখ : ১৮-০৭-২০২৩ খ্রি.

প্রধান শিক্ষক

একতারপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় (১১৫৪৮৫)

তালতলা হাট, অভয়নগর, যশোর

স্মারক নম্বর-বিঅ-৬/৬৩৫৭/৩৮৪(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, অভয়নগর, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অভয়নগর, যশোর।
- ৫। জনাব এফ এম মাসুদুর রহমান, মিস আপীল দায়েরকারী।
- ৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর